

ইবির জিয়া হলে সিট বিশৃঙ্খলার প্রতিবাদে প্রভোস্ট কক্ষে তালা, অবস্থান কর্মসূচি

ইবি প্রতিনিধি

০৯ মে ২০২৬, ০৭:১২ পিএম



ছবি: আমাদের সময় কোলাজ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শহীদ জিয়াউর রহমান হলে সিট বরাদ্দে অনিয়ম ও বিশৃঙ্খলার প্রতিবাদে প্রভোস্টের কক্ষে তালা দিয়ে অবস্থান কর্মসূচি পালন করেছেন ভুক্তভোগী শিক্ষার্থীরা। আজ শনিবার শিক্ষার্থীরা প্রভোস্ট কক্ষের সামনে বিছানা বিছিয়ে এই কর্মসূচি পালন করেন।

শিক্ষার্থীরা জানান, হলের ফি পরিশোধ করে রশিদ জমা দেওয়া এবং তালিকায় নাম থাকার পরেও তারা নির্ধারিত কক্ষে উঠতে পারছেন না। মেস ছেড়ে দিয়ে হলে আসা কেউ কেউ এখন থাকার জায়গাহীন অবস্থায় পড়েছেন। এ পরিস্থিতিতে ক্ষুব্ধ শিক্ষার্থীরা আজ প্রভোস্ট কক্ষে তালা দিয়ে সংগঠিত প্রতিবাদে নামেন।

শিক্ষার্থীরা আরও বলেন, মৌখিক আশ্বাসে আমরা আর আস্থা রাখতে পারছি না। দ্রুত তদন্ত সাপেক্ষে স্বচ্ছ প্রক্রিয়ায় সিট পুনর্বন্টন করতে হবে।

এ বিষয়ে হল প্রভোস্ট অধ্যাপক ড. আব্দুল গফুর গাজী বলেন, ‘আমাকে হলের কর্মকর্তারা যে তথ্য সংগ্রহ করে দিয়েছে, তার ভিত্তিতে বরাদ্দ দিয়েছি। তাতে তথ্য গড়মিল ছিল। প্রশাসনও যথেষ্ট সহযোগিতা করছে না। আপাতত আমি বিশ্ববিদ্যালয়ের বাইরে আছি, প্রশাসনের সঙ্গে আলাপ করে দেখছি।’

উল্লেখ্য, গত ২৬ এপ্রিল হল প্রভোস্টের স্বাক্ষরে ৮৫ জনের চূড়ান্ত কক্ষ নির্ধারণের তালিকা প্রকাশিত হলে একাধিক তলায় বিভিন্ন কক্ষে সিট ফাঁকা থাকা সত্ত্বেও বরাদ্দ না দেওয়া এবং সিট না থাকলেও বরাদ্দ দেওয়ার অভিযোগ ওঠে।